

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৪০

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَوْفِ بْنِ مَالِكٍ الْأَشْجَعِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَقْصُرُ إِلَّا أَمِيرٌ أَوْ مَأْمُورٌ أَوْ مَخْتَالٌ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

২৪০-[৪৩] 'আওফ ইবনু মালিক আল আশজাজি' (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ [তিনি ব্যক্তি বাগাড়ম্বর করে] (১) শাসক (২) শাসকের পক্ষ হতে নির্দেশপ্রাপ্ত ব্যক্তি (৩) অথবা কোন অহংকারী লোক। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ৩৬৬৫, সহীহুল জামি' ৭৭৫৩, আহমাদ ২৩৪৮৫, ২৩৪৭২, ২৩৪৫৪।

মুসনাদে আহমাদে এর অনেক সানাদ আছে যার কোন কোনটি সহীহ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: “তিনি শ্রেণীর লোক ওয়ায করে থাকে শাসক, শাসক কর্তৃক নির্দেশিত ব্যক্তি অথবা অহংকারী।” অর্থাৎ- এ তিন শ্রেণী ব্যতীত এ ধরনের কাজ সংঘটিত হয় না। আর এটা সুনিশ্চিত যে, ওয়ায করা একটি ভাল কাজ। আর তা শাসক অথবা শাসক কর্তৃক অনুমতি প্রাপ্ত ব্যক্তি দ্বারা তা সম্পাদন হওয়া প্রয়োজন। অহংকারী ব্যক্তি দ্বারা তা সম্পাদন হওয়া উচিত নয়।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54799>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন